

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫, কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫১৪.১৮.৪২৪.২৪.৯৬৫৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রি.

বিষয়: “পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” সহজীকরণ।

পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বিআরডিবি'র আওতায় চলমান কার্যক্রমসমূহের মধ্যে একটি আইকনিক কর্মসূচি। “পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩” বিআরডিবি'র পরিচালনা পরিষদের ৫৩ তম সভায় অনুমোদনপূর্বক ১৬ অক্টোবর, ২০২৩ তারিখে জারি করা হয়। তদালোকে, ৪৭৯ টি উপজেলায় এ কর্মসূচির আওতায় পল্লী উদ্যোক্তা ঋণ পুনঃবিনিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যমান নীতিমালার কিছু শর্ত সংশোধন ও সহজীকরণ করা প্রয়োজন মর্মে জুম/বিভাগীয় সভায় উপস্থাপিত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে।

এমতাবস্থায়, বিদ্যমান নির্দেশিকার কোন কোন অনুচ্ছেদের সংশোধন ও সহজীকরণ প্রয়োজন সে বিষয়ে তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের সাথে আলোচনা/পরামর্শক্রমে মতামত ও সুপারিশ আগামী ২০ নভেম্বর, ২০২৫ তারিখের মধ্যে হার্ড কপি পরিচালক (সরেজমিন) মহোদয় বরাবর এবং উপপরিচালক, বিশেষ প্রকল্প এর ই-মেইলে (ddspproject@brdb.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোরশেদ আলম

যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)

+৮৮০২৫৫০১১৭৩০ (ফোন)

উপপরিচালক


জেলা দপ্তর (সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫১৪.১৮.৪২৪.২৪.৯৬৫৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বিআরডিবি (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৪। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহোদয়ের সদয় অবগতির জন্য)।


ফাতেমা মাহনুর মোহনা

সহকারী পরিচালক (বিশেষ প্রকল্প)